ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৯৫৩
জিরানীয়া,২৫ জুলাই,২০২৫

**জিরানীয়া ব্লক এলাকার ১৪ জন কৃষকের মধ্যে পাওয়ার উইডার বিতরণ**

জিরানীয়া কৃষি মহকুমা কার্যালয়ের উদ্যোগে আজ জিরানীয়া ব্লকের অন্তর্গত বিভিন্ন গ্রাম পঞ্চায়েত এলাকার ১৪ জন কৃষককে সাবমিশন অন এগ্রিকালচারেল ম্যাকানাইজেশন প্রকল্পে একটি করে পাওয়ার উইডার বিতরণ করা হয়। এছাড়াও ৫ জন কৃষককে একটি করে স্প্রেয়ার মেশিন বিতরণ করা হয়। এ উপলক্ষ্যে জিরানীয়া কৃষক বন্ধু কেন্দ্রে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রীতম দেবনাথ সুবিধাভোগীদের হাতে পাওয়ার উইডার ও স্প্রেয়ার মেশিনগুলি তুলে দেন। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন জিরানীয়া মহকুমার কৃষি তত্ত্বাবধায়ক সৌমেন কুমার দাস এবং সহকারী অধিকর্তা প্রবীর দাস।

*****